



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৯.২০.৭৪

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **KOICA** স্কলারশিপের আওতায় মাস্টার্স কোর্সের সুযোগ।

KOICA-এর অর্থায়নে কোরিয়ায় অনুষ্ঠেয় নিম্নবর্ণিত মাস্টার্স কোর্সসমূহে অংশগ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর সংস্থা এবং অন্যান্য মন্ত্রণালয়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র সহকারী সচিব/উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ১০/০৮/২০২০ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাবলী এসাথে সংযুক্ত করা হলো:

কোর্সের নাম ও মেয়াদকাল	সুযোগ সংখ্যা
KOICA-SNU GSPA Master's Degree Program in Public Management and Public Sector reform Duration: December 21, 2020- June 30, 2022.	৪ টি

শর্তসমূহ:

- আবেদনকারীকে চাকুরিতে স্থায়ী হতে হবে;
- স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতিক্রমে আবেদন করতে হবে;
- সংযুক্ত ফরম (বাংলা) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতির স্মারক হিসেবে আবেদনপত্রের সঙ্গে প্রেরণ করতে হবে;
- আবেদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং KOICA, Korea এর সিদ্ধান্তই চূড়ান্ত;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯, তারিখ: ০৬/১২/২০১৫ মোতাবেক চাকুরিতে প্রবেশের পর প্রেষণ/শিক্ষাছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার আবেদন করার প্রয়োজন নেই;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি. তারিখের স্মারক নং- ৮০/৯২-৫১৮(৫০০) 'বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি' এবং ১২ মে ২০০৩ তারিখের জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯/০৬/২০১১ তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) নং পরিপত্রের মর্মানুসারে আবেদন করতে হবে;
- আবেদন সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্যাদি এ সঙ্গে সংযুক্ত করা হলো এবং উক্ত নির্দেশনার আলোকে আবেদনপত্র, সংশ্লিষ্ট পূরণকৃত কাগজপত্র ও অফিসিয়াল পাসপোর্টের কপি নির্ধারিত সময়ের মধ্যে ft@mopa.gov.bd ঠিকানায় ইমেইলে প্রেরণ করতে হবে;
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

২০-৭-২০২০

মু. ইকরামুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)